58

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 2 .. 1999

পৃঃ 7 কলাম 2

# শেখ হাসিনা ও জর্জ মিশেলের ইউনেস্কো শান্তি পুরস্কার লাভ

প্যারিস হইতে এএফপি ॥ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাবেক মার্কিন সিনেটর জর্জ মিশেল ইউনেস্কোর ১৯৯৮ সালের হুফেট বয়েগনি শান্তি পুরস্কার লাভ করিয়াছেন।

মিশেল গত বছর ঐতিহাসিক উত্তর আয়ারল্যান্ড শান্তি চুক্তি সম্পাদনে সহায়তা করেন এবং শেখ হাসিনা ১৯৯৭ সালের ডিসেম্বরে উপজাতি নেতৃবৃন্দের সঙ্গে ঐতিহাসিক শান্তি চুক্তি স্বাক্ষর করেন। যাহার মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে রক্তক্ষয়ী লড়াইয়ের অবসান ঘটে। এই লড়াইয়ে ২২ বছরে ২৫ হাজার লোক প্রাণ হারাইয়াছে।

সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরী কিসিঞ্জারের সভাপতিত্বে একটি আন্তর্জাতিক জুরি বাংলাদেশ ও উত্তর আয়ারল্যান্ডে বিরোধ অবসানে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ এই দুই নেতাকে পুরস্কারের জন্য নির্বাচিত করেন।

কিসিঞ্জার বলেন, আন্তর্জাতিক দ্বন্দ্ব-সংঘাত কমিয়া যাওয়ায় "জুরি এই সত্য বিবেচনায় নিয়াছেন যে, কোন একটি রাষ্ট্রের মধ্যে সংখ্যালঘুদের শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করার দুরূহ হইয়া পড়ার কারণে



রাজনৈতিক, জাতিগত, ধর্মীয় অথবা সাংস্কৃতিক উৎসের অভ্যন্তরীণ সংঘাত বেশী দেখা দেয়।" (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শান্তি পুরস্কার লাভ

(১ম পৃঃ পর)

পুরস্কার প্রদানের তারিখ ও স্থানের নাম পরে ঘোষণা করা হইবে।

আইভরির প্রয়াত রাষ্ট্রপ্রধানের নামে এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কারের পরিমাণ ১ লাখ ২২ হাজার ইউরো বা ৮ লাখ ফ্রাঁ।

ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট ফিদেল রামোস এবং বিদ্রোহী নেতা মরো জাতীয় মুক্তিফ্রন্টের প্রতিষ্ঠাতা নূর মিসৌরি গত বছর যৌথভাবে এই পুরস্কার পাইয়াছিলেন।

ইতিপূর্বে যাহারা এই পুরস্কার পাইয়াছেন তাহাদের মধ্যে রহিয়াছেন, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট নেলসন ম্যান্ডেলা ও তাঁহার পূর্বসুরী ফ্রেডরিক ডি' ক্লার্ক, ফিলিস্তিনী ও ইসরাইলী নেতৃবৃন্দ আইজক্যাক রবিন, সিমন পেরেজ ও ইয়াসির আরাফাত এবং জাতিসংঘের উদ্বাস্তুবিষয়ক হাইকমিশনার সাদাকো ওগাতা।